# বর্ডার গার্ড বাংলাদেশ এর উদ্ভাবনী উদ্যোগ/ধারণা

১। Report to BGB সফটওয়্যার ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর ডিজিটাল বাংলাদেশ গঠনের অংশ হিসেবে সদর দপ্তর বিজিবি কর্তৃক অতিসম্প্রতি "Report to BGB" নামে একটি মোবাইল এ্যাপ্লিকেশন তৈরীর কার্যক্রম চলমান। যার মাধ্যমে সীমান্তে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনা সম্পর্কে সাধারণ জনগণ চাইলে বিজিবি'কে অবহিত করতে পারবে। এর মাধ্যমে সীমান্ত সুরক্ষায় সাধারণ জনগণকেও সম্পৃক্ত করা সম্ভব হবে। এই এ্যাপসটি সম্পন্ন তৈরী হওয়ার পর গুগল প্লে-ষ্টোরে দেওয়া হবে। যোগাযোগ শাখা কর্তৃক এ সংক্রান্ত একটি ভিডিও ক্লিপ তৈরী করে TVC হিসেবে বিভিন্ন টিভি চ্যানেলে প্রচার এর ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, যোগাযোগ শাখা, ঢাকা)**

২। BGB Reporting সফটওয়্যার ঃ অপারেশন পরিদপ্তর কর্তৃক বিজিবি রিপোর্টিং সফ্টওয়্যার তৈরীর পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। মোবাইল এ্যাপ ভিত্তিক এ সফ্টওয়্যারটির মাধ্যমে মাঠ পর্যায়ে বিওপি কমান্ডারগণ যেকোন ঘটনা/দূর্ঘটনার বিবরণ দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তর বিজিবি'তে প্রেরণ করতে পারবেন। এর ফলশ্রুতিতে মাঠ পর্যায় হতে উল্লেখযোগ্য তথ্য কেন্দ্রীয়ভাবে সদর দপ্তর বিজিবি'তে সংরক্ষিত থাকবে এবং পরবর্তীতে প্রয়োজনে যেকোন আপরাধমূলক তথ্য পর্যালোচনা করা সহজ হবে।

**(সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, অপারেশন ও প্রশিক্ষণ শাখা, ঢাকা)**

৩। Budget and Account সফটওয়্যার ঃ সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ হতে বিভিন্ন ইউনিটে বাজেট বরাদ্দ, উপ বরাদ্দ, খরচের হিসাব প্রতিবেদন সহজ ও যুগোপযোগী করার জন্য Budget and Account Monitoring System সফটওয়্যার চালু করার কার্যক্রম চলমান।

**(সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, যোগাযোগ শাখা, ঢাকা)**